

বেবিচকে ফাউন্ডেশন ট্রেনিং কোর্স ও বেসিক অফিস ম্যানেজমেন্ট কোর্সের সনদ বিতরণ অনুষ্ঠিত

- A Monitor Desk Report

Date: 27 May, 2025



ঢাকাঃ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)-এর বিভিন্ন স্তরের কর্মকর্তাদের জন্য সিভিল এভিয়েশন একাডেমি কর্তৃক পরিচালিত ফাউন্ডেশন ট্রেনিং কোর্স ও বেসিক অফিস ম্যানেজমেন্ট কোর্সের সনদ বিতরণ মঙ্গলবার (২৭ মে) বেবিচক সদর দপ্তর অভিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

এই অনুষ্ঠানে বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মঞ্জুর কবীর ভূঁইয়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মকর্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী ১৫০ জন প্রশিক্ষণার্থীর হাতে তিনি এসময় সনদ তুলে দেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সিভিল এভিয়েশন একাডেমির পরিচালক জনাব প্রশান্ত কুমার চক্রবর্তী।

প্রধান অতিথি বক্তৃতায় ফাউন্ডেশন কোর্স ও বেসিক অফিস ম্যানেজমেন্ট কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করায় আন্তরিক অভিনন্দন জানান।

তিনি বলেন, এই প্রশিক্ষণের উদ্দেশ্য শুধুমাত্র সনদ অর্জন নয়; বরং প্রশিক্ষণার্থীরা যে জ্ঞান অর্জন করেছে তা বাস্তব জীবনে প্রয়োগের মাধ্যমে বেসামরিক বিমান চলাচল খাতে একটি গুরুত্বপূর্ণ পেশাগত যাত্রার সূচনা করবে। এই যাত্রায় নিষ্ঠা, পেশাদারিত্ব এবং নিরাপত্তার প্রতি অঙ্গীকারই তাদের প্রধান মূলনীতি হতে হবেও তিনি উল্লেখ করেন।

প্রধান অতিথি আরও বলেন, সিভিল এভিয়েশন একাডেমি আন্তর্জাতিকভাবে ইকাও ট্রেনিং প্লাস গোল্ড মেম্বারশিপ অর্জন করেছে, যা আমাদের

সম্মিলিত পরিশ্রমের স্বীকৃতি। এই অর্জন দেশের বেসামরিক বিমান খাতে প্রশিক্ষণের মান ও গ্রহণযোগ্যতার প্রমাণ।

তিনি প্রশিক্ষার্থীদের উদ্দেশে বলেন, আপনাদের সামনে যে দায়িত্ব আসছে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে আমি বিশ্বাস করি, এই একাডেমিতে প্রাপ্ত প্রশিক্ষণ ও দিকনির্দেশনা আপনাদের সে দায়িত্ব পালনে প্রস্তুত করেছে।

তিনি একাডেমির প্রশিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, আপনাদের নিষ্ঠা ও পরিশ্রমই একাডেমির কার্যক্রমকে সাফল্যমণ্ডিত করেছে এবং দক্ষ জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সনদ বিতরণ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বেবিচক এর সদস্যগণ, বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ এবং কোর্সে অংশগ্রহণকারী শিক্ষার্থীগণ।

-B